

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ জুলাই'২০২৩খ্রি.

বিনামূল্যে ডেঙ্গু রোগের পরীক্ষা শুরু করল-চসিক

চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে বিনা মূল্যে ডেঙ্গু পরীক্ষার উদ্বোধন করলেন মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। উদ্বোধনকালে মেয়র বলেন শুধু ওষুধ ছিটিয়ে মশা নিধন সম্ভব নয়, এ জন্য প্রয়োজন জনসচেতনতা। তিনি বলেন, চসিকের ১০০ দিনের ক্রাশ প্রোগ্রামে এডিস মশা লার্ভা চিহ্নিত করতে ড্রোন সংযোজন করা হয়েছে। ইতোমধ্যে গতকাল নাছিরাবাদ হাউজিং সোসাইটিতে একটি তের তলা ভবনে ছাদে একটি সুইমিং পুল পেলাম যেটি ২ বছরে ও পরিষ্কার করা হয় নাই। ডোন এর মাধ্যমে এ ধরনের স্থান এবং ছাদে জমে থাকা পানিতে গড়ে উঠা মশার প্রজনন ক্ষেত্র চিহ্নিত ও ধ্বংস করা সম্ভব হচ্ছে। আজ সোমবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে বিনা মূল্যে ডেঙ্গু পরীক্ষার উদ্বোধনকালে তিনি একথা বলেন।

এই সময় কাউন্সিলর জহুর লাল হাজারী, আবদুস সালাম মাসুম, পুলক খান্জীর, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ ইমাম হোসেন রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

মেয়র বলেন, এডিস মশা স্বচ্ছ পানিতে জন্মে যেমন ছাদ বাগানের টবে, নির্মাণাধীন ভবনের জলাধারে, ডাবের খোসা, পরিত্যক্ত টায়ার টিউব, খালি বোতল ও বাড়ির আঙ্গিনায় জমে থাকা পানিতে। তিনি আশা করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও নগরবাসীর সম্মুখীন উদ্বোধনে এ রোগ থেকে নগরবাসী মুক্তি পাবে।

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, ডেঙ্গু পরীক্ষার জন্য উন্নত মানের কীট সংগ্রহ করা হয়েছে। আপাতত প্রতিদিন চসিক জেনারেল হাসপাতালে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিনা মূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হবে। পরবর্তিতে প্রয়োজন হলে পর্যায়ক্রমে চসিক স্বাস্থ্য কেন্দ্র ও দাতব্য চিকিৎসালয়ে বিনা মূল্যে এ কার্যক্রম পরিচালনা করা হবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮